# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.05.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) রাজ্যে লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় ৫৭৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। থাকছে ৩০ হাজারেরও বেশি রাজ্য পুলিশ।

২) রাজ্যে চতুর্থ দফার নির্বাচনের প্রচারাভিযান আগামীকাল শেষ হচ্ছে। ষষ্ঠ দফায় আটটি আসনের জন্য মনোনয়নপত্র প্রত্যাহারের গতকালই ছিল শেষ দিন।

জোরদার হয়ে উঠেছে আগামী চার দফার প্রচার অভিযান।

৩) একের পর এক ভিডিও ভাইরাল হওয়ায় সন্দেশখালিতে তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে চাপানউতোর তুঙ্গে ।

৪) ২০১৪ সালের টেটের ভিত্তিতে প্রাথমিকে শিক্ষক নিয়োগে ৩ হাজার ৯২৯ টি শূন্য পদে পরবর্তী প্রক্রিয়ায় নিয়োগ করা হবে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

৫) ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আজও ঝড় বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় মোট ৫৭৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর মোতায়ন করা হচ্ছে। এর পাশাপাশি ৩০ হাজারের বেশি রাজ্য পুলিশ ভোটের নিরাপত্তায় বহাল থাকবে।

চতুর্থ দফায় আগামী সোমবার ১৩ মে রাজ্যের ৫ জেলার ৮ আসনে ভোট নেওয়া হবে। পূর্ব বর্ধমান জেলায় সর্বাধিক ১৫২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বীরভূমে মোতায়েন থাকবে ১৩১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

এছাড়া আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ৮৮ কোম্পানি,কৃষ্ণনগর পুলিশ জেলায় ৮১ কোম্পানি, মুর্শিদাবাদ পুলিশ জেলায় ৭৩ কোম্পানি , রানাঘাট পুলিশ জেলায় ৫৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে।

এদিকে, চতুর্থ এবং পঞ্চম দফায় রাজ্যের ক্রিটিকাল বা সংকট প্রবণ ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ওই দুই পর্বে দক্ষিণবঙ্গের ৮ জেলার ১৫টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। কমিশনের প্রকাশিত তালিকা অনুযায়ী চতুর্থ দফায় ৮টি লোক সভা কেন্দ্রের মোট ১৫ হাজার ৫০৭টি ভোটকেন্দ্রের মধ্যে ৩ হাজার ৬৪৭ টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে বোলপুর কেন্দ্রে সর্বাধিক ৬৫৯ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ। সবথেকে কম সংকট প্রবণ ভোট কেন্দ্র রয়েছে বর্ধমান পূর্বে- ৩০১ টি।

একইরকমভাবে পঞ্চম দফায় সাতটি লোকসভা আসনের ১৩ হাজার ৪৮১ ভোট কেন্দ্রের মধ্যে ৭ হাজার ৭১১টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে নির্বাচন কমিশনের তরফে। এই পর্বে সর্বাধিক রয়েছে হুগলিতে- ১৭৮৭টি। সব থেকে কম সংকট প্রবণ ভোটকেন্দ্রে রয়েছে বনগাঁয়- ৫৫০ টি। এছাড়া আরামবাগের ১৭৭০, শ্রীরামপুরের ১২৩৬, ব্যারাকপুরে ১০৫৯ উলুবেরিয়ায় ৬৯৪ এবং হাওড়ায় ৬০৫ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ হিসেবে চিহ্নিত হয়েছে।

এদিকে, রাজ্যে চতুর্থ দফার লোকসভা নির্বাচনের প্রচার আগামীকাল শেষ হচ্ছে। চতুর্থ দফার ভোটপর্বও অবাধ ও শান্তিপূর্ণ করতে নির্বাচন কমিশন বেশ কিছু ব্যবস্থা নিচ্ছে, গুরুত্ব দেওয়া হয়েছে ওয়েব কাস্টিং এর

উপর। উপ নির্বাচন কমিশনার নীতেশ বেয়াসের নেতৃত্বে নির্বাচন কমিশনের অন্য আধিকারিকদের সঙ্গে মুখ্য নির্বাচন আধিকারিক আরিজ আফতাব গতকাল এক জরুরী বৈঠকে বসেন। সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়েও আলোচনা হয়।

বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিনহা ও পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা গতকাল সিউড়ি থেকে চতুর্থ দফার সংশ্লিষ্ট জেলার নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে ভিডিও কনফারেন্সে বৈঠক করেন। মুখ্য নির্বাচনী আধিকারিকও ঐ কনফারেন্স কলে যুক্ত ছিলেন।

উল্লেখ্য, চতুর্থ দফায়য় রাজ্যে বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর – এই ৮ টি আসনে ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooo

প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, নির্বাচনী প্রচারে আজ আবার এ রাজ্যে আসছেন। আসানসোল লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থী সুরিন্দর সিং আলুওয়ালিয়ার সঙ্গে রানীগঞ্জের সিয়ারশোলে রোড শো করবেন তিনি। রামপুরহাট এবং রানাঘাটে জনসভা ও রোড শো র কর্মসূচি রয়েছে তাঁর।

অপর বিজেপি নেতা ও রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, যাদবপুর ও খড়্গপুরে জনসভা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল দক্ষিণ কলকাতায় দলীয় প্রার্থীদের প্রচারে পদযাত্রায় অংশ নেবেন।

এছাড়াও ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা দলীয় প্রার্থীর সমর্থনে আজ উত্তর কলকাতায় রোড শো এবং পদযাত্রায় অংশ নেবেন।

অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্ব শর্মার আজ, কৃষ্ণনগরে দলীয় প্রার্থীর হয়ে রোড শো এবং ব্যারাকপুর ও হুগলির বলাগড়ে জনসভা করার কর্মসূচি রয়েছে।

বনগাঁয় দলীয় প্রার্থীর প্রচারে জনসভায় অংশ নেবেন, বিজেপির তারকা প্রচারক মিঠুন চক্রবর্তী।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ, আসানসোলে দলীয় প্রার্থী শত্রুঘ্ন সিনহার সমর্থনে রোড শো করবেন। অন্যদিকে, প্রবীণ সিপিআইএম নেতা, আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য, দলীয় প্রার্থী সায়রা শাহ হালিমের সমর্থনে দক্ষিণ কলকাতায় গোয়ালপার্কে আইনজীবীদের নিয়ে সভা করবেন।

কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের নাকাশিপাড়া এবং ব্যারাকপুর কেন্দ্রের মোহনপুরে নির্বাচনী জনসভা করবেন আইএসএফ নেতা নওশাদ সিদ্দিকী।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্যে মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে। এই দফায় পশ্চিমবঙ্গ সহ ৬ টি রাজ্য ও ২ টি কেন্দ্র শাসিত অঞ্চলের ৫৮ টি আসনে ভোট নেওয়া হবে ২৫ শে মে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের ৮ টি আসন - পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম কাথি, তমলুক ও ঘাটাল।

এদিকে, রাজ্যে পঞ্চম দফা লোকসভা নির্বাচনে ৮৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতীর আসরে রয়েছেন। এই দফায় বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ এই সাতটি আসনে ভোটগ্রহণ বিশে মে।

অন্যদিকে, সপ্তম দফা ভোটের জন্য মনোনয়ন পত্র দাখিলের কাজ চলেছে। এই পর্যায়ে কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবার, মথুরাপুর, জয়নগর, বারাসাত, বসিরহাট ও দমদম এই ৯ টি আসনে ভোট নেওয়া হবে পয়লা জুন। ঐদিনই বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও ভোটগ্রহণ। মঙ্গলবার ১৪ ই মে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে।

বসিরহাট লোকসভার কেন্দ্রে বিজেপি প্রার্থী রেখা পাত্র এবং বারাসাত আসনে ঐ দলেরই স্বপন মজুমদার আজ তাঁদের মনোনয়ন জমা দিয়েছেন।

অন্যদিকে বরানগর বিধানসভা আসনে উপনির্বাচনের জন্য বিজেপির সজল ঘোষ ও সিপিআইএম-এর তন্ময় ভট্টাচার্য আজ প্রার্থীপদ দাখিল করেন।

কলকাতা দক্ষিণ লোকসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী মালা রয় এবং যাদবপুর আসনের ঐ দলের সায়নী ঘোষ আজ মনোনয়ন পেশ করেছেন।

ooooooooooooooooooooo

রাজ্যের এস টি এফ-এর ইন্সপেক্টর শৌনক তরফদার মুর্শিদাবাদের বহরমপুর থানার আই সি নিযুক্ত হয়েছেন। ভোটের মুখে বহরমপুর থানার আই সি-কে সরিয়ে দেয় নির্বাচন কমিশন। তাঁর জায়গায় নতুন আই সি-র নাম মুখ্য নির্বাচনী আধিকারিক বেছে নেন তিনজন যোগ্য অফিসারের তালিকা থেকে।

উল্লেখ্য, কংগ্রেসের পক্ষ থেকে কমিশনের কাছে বহরমপুর থানার আই সি-র বিরুদ্ধে পক্ষপাতমূলক আচরণের অভিযোগ করে অবিলম্বে তাঁকে সরানোর দাবি জানানো হয়।

oooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের জামালপুর থানার বাদপুর গ্রামে ভোটের প্রচারে গিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীকে মারধর ও কামড়ে তাঁর আঙুল কেটে নেওয়ার অভিযোগে বিজেপির পঞ্চায়েত সদস্যার স্বামীকে গ্রেপ্তার করেছে পুলিস।

অন্যদিকে, ঐ পঞ্চায়েত সদস্যার শ্লীলতাহানির অভিযোগে শাসকদলের ওই কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের গতকাল বর্ধমান সিজেএম আদালতে তোলা হলে তদন্তে সহযোগিতার শর্তে তৃণমূল কর্মীর জামিন মঞ্জুর করা হয়ে।

এদিকে, পঞ্চায়েত সদস্যার স্বামীকে ১৪ মে পর্যন্ত বিচার বিভাগীয় হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

একের পর এক ভিডিও প্রকাশ্যে আসায় উত্তর ২৪ পরগনার সন্দেশখালি এখন নির্বাচনী প্রচারের কেন্দ্রে। গত ফেব্রুয়ারিতে গণ আন্দোলনে উত্তাল হয়ে উঠেছিল সন্দেশখালি। শেখ শাজাহান ও তার দলবলের বিরুদ্ধে জোর করে জমি দখল, জমিতে নোনা জল ঢুকিয়ে ভেড়ি বানানোর মতো অভিযোগের পাশাপাশি নারী নির্যাতন এবং ধর্ষণেরও অভিযোগ ওঠে। গ্রেফতার হয় অনেকেই।

সম্প্রতি ভাইরাল হয় সেখানকার দু-নম্বর ব্লকের বিজেপি মন্ডল সভাপতিকে নিয়ে একটি স্টিং অপারেশনের ভিডিও। যেখানে তাঁকে বলতে শোনা যায়, ধর্ষণের অভিযোগ সাজানো। এরপর আর একটি ভিডিও-য় অভিযোগকারিনীর মুখে শোনা যায়,

তাকে কিছু না জানিয়েই সাদা কাগজে সই করানো হয়েছিল। এই ইস্যুতে সরব হন তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। তিনি বলেন,

( বাইট – অভিষেক)

এদিকে, সন্দোশখালি নিয়ে যত ভিডিও প্রকাশিত হবে, সেখানে প্রতিবাদ ততটাই বৃদ্ধি পাবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন

(বাইট শমিক)

প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী প্রশ্ন তুলেছেন সন্দেশখালীতে যদি কিছু নাই হত, সেই ঘটনা নিয়ে হাইকোর্ট কেন সিবিআই তন্তের নির্দেশ দিল।

উল্লেখ্য, সন্দেশখালি প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস গতকাল নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। দলের রাজ্যসভার সাংসদ সাগরিকা ঘোষ নতুন দিল্লীতে কমিশনে গিয়ে চিঠি দিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করার আবোদন জানান।

oooooooooooooooooooooo

রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে ওঠা শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে গতকাল রাজভবনের তরফে দুটি সিসিসটিভি ফুটেজ সামনে আনা হয়। সাংবাদিক ছাড়াও পূর্ব ঘোষণা মতো ইচ্ছুক কয়েকজন সাধারণ মানুষকে ওই ফুটেজ দেখাতে কলকাতা রাজভবনে আমন্ত্রণ জানানো হয়েছিল। ঘণ্টা দেড়েকের ওই ভিডিও ফুটেজে মূলত রাজভবন চত্ত্বরে অভিযোগকারিনীর গতিবিধিই সামনে আনা হয়েছে। ফুটেজে তাঁকে গেটের কাছে পুলিশের আউট পোস্টে ঢুকতে দেখা যায়।

ooooooooooooooooooooooo

রাজ্যের, ২০১৪ সালের টেটের ভিত্তিতে প্রাথমিকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৩ হাজার ৯২৯ টি শূন্যপদ নিয়ে যে জটিলতা তৈরি হয়েছিল, সে বিষয়ে সুপ্রিম কোর্ট নতুন রায় দিয়েছে। ওই শূন্যপদগুলিতে ভবিষ্যতের শূন্যপদ থেকে নিয়োগ করা হবে বলে শীর্ষ আদালত জানিয়ে দিয়েছে । ২০২২ সালের নিয়োগ প্রক্রিয়ার সঙ্গে ৩ হাজার ৯২৯টি শূন্যপদ যোগ করে দেওয়া হয়েছে। সেই অনুযায়ী নিয়োগ হবে।

এর আগে কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ঐ পদগুলিতে মামলাকারীদের মেধার ভিত্তিতে নিয়োগের নির্দেশ দিয়েছিলেন। হাই কোর্টের সেই নির্দেশকে মান্যতা দেয়নি সুপ্রিম কোর্ট।

উল্লেখ্য, ২০১৪ সালের টেটের ভিত্তিতে ২০১৬ ও ২০২০ সালে দু'টি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। ২০২০ সালের নিয়োগ প্রক্রিয়ায় ১৬ হাজার ৫০০টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি দেয় প্রাথমিক শিক্ষা পর্ষদ। কিন্তু অভিযোগ, সব শূন্যপদ পূরণ করা হয়নি। সেই মামলায় হাই কোর্টের তৎকালীন বিচারপতি গঙ্গোপাধ্যায নির্দেশ দেন মামলাকারীদের মেধার ভিত্তিতে ওই পদে নিয়োগ করতে হবে।

কিন্তু টেট উত্তীর্ণরা এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে প্রথমে হাই কোর্টের ডিভিশন বেঞ্চ, তারপর সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ অক্ষয় তৃতীয়া বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া তিথিতে পালিত হয় অক্ষয় সমৃদ্ধির এই উৎসব। এই দিনে যেকোনো নতুন কিছু সূচনা জীবনের সৌভাগ্য ও সমৃদ্ধি বয়ে আনে বলে মনে করা হয়। অক্ষয় তৃতীয়ায় দেবী লক্ষ্মী পুজিতা হন। আজকের পুণ্য তিথিতে জপ-যজ্ঞ ও দানের মধ্যে দিয়ে এই উৎসব পালিত হয়।

অক্ষয় তৃতীয়া উপলক্ষে অনেক স্বর্ণ বিক্রেতা প্রতিষ্ঠান গহনার উপর বিশেষ ছাড় দিয়ে থাকেন পয়লা বৈশাখের মতোই এই দিনেও অনেক ব্যবসায়ী লক্ষী গণেশের পুজো করে হালখাতার সূচনা করেন ।

হিন্দু মতে ভগবান বিষ্ণুর ষষ্ঠ অবতার পরশুরামের জন্ম জয়ন্তী পালিত হয় এই দিনটিতে ।

oooooooooooooooooooooo

ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আজও ঝড়-বৃষ্টির সম্ভাবনা আছে। আলিপুর আবহাওয়া দফতর থেকে জানানো হয়েছে, পূর্ব মেদিনীপুর ও দুই ২৪ পরগনায় আজ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কলকাতায় বৃষ্টির পাশাপাশি ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

(বাইট)

এদিকে, গতকাল কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টিতে তাপমাত্রা অনেকটাই নেমে আসে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২১ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে চার দশমিক ৯ ডিগ্রি কম।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo